# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ভূগোল: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৬ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** মিনি ক্লাস নাইনে পড়ে। তার বাবা বিদেশে থাকে। তাদের উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার জন্য তার বাবা বিদেশে গেছেন। তার বাবা তাকে বিদেশের অনেক চমৎকার গল্প লিখে পাঠান।

ক. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে কম লোক বাস করে? ১

খ. জন্মহার ও মৃত্যুহার নির্ণয়ের সূত্রগুলো লেখ। ২

গ. মিনির বাবার বিদেশ গমনের বিষয়টিকে কোন ধরনের অভিগমন বলা হয়, ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতি বছর অভিগমনের কারণে আমাদের দেশের অর্থনীতিতে এর কী ধরনের সুফল আসছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**২.▶** রনির বাসা ঢাকার ধানমন্ডিতে। দৈনন্দিন চাহিদা মেটানোর জন্য মানুষ যেমন উদ্ভিজ্জ ও প্রাণিজদ্রব্য ভোগ করে, সেসব দ্রব্য কীভাবে উৎপন্ন হয় তা সে দেখেনি বললেই চলে। তবে রনি তার পাঠ্যবইয়ে পড়েছে যে, পৃথিবীতে মানুষ স্থায়ীভাবে বসবাস করে পানি ও উদ্ভিদের স্বাভাবিক জন্ম বৃদ্ধিকে কাজে লাগিয়ে এসব দ্রব্য উৎপন্ন করে। এ উৎপাদন আবার জলবায়ু, মাটি, ভূ-প্রকৃতি প্রভৃতির উপাদান দ্বারা নিয়ন্ত্রিত হয়।

ক. ধান চাষের উপযোগী তাপমাত্রার পরিমাণ কত? ১

খ. আখ চাষের উপযোগী মৃত্তিকার ধরণ কেমন? ২

গ. রনি মূলত কিসের নিয়ন্ত্রণের কথা পড়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রনির পঠিত উপাদানগুলো ছাড়াও দ্রব্যের উৎপাদন নিয়ন্ত্রণকারী আরও অনেক উপাদান রয়েছে- বিশ্লেষণ কর। ৪

**৩.▶** বাংলাদেশের কতিপয় খনিজ ও শক্তি সম্পদ আবিষ্কৃত হয়েছে। খনিজ সম্পদের মধ্যে কয়লা, প্রাকৃতিক গ্যাস এবং অধাতব খনিজের মধ্যে চুনাপাথর, সিলিকাবালু, চীনামাটি, কঠিন শিলা ইত্যাদি উল্লেখযোগ্য। এদের মধ্যে প্রাকৃতিক গ্যাস যথেষ্ট গুরুত্বপূর্ণ।

ক. খনিজ সম্পদ বলতে কি বুঝ? ১

খ. বর্তমান যুগকে যন্ত্রযুগ বলা হয় কেন? ২

গ. বাংলাদেশে মানচিত্র অঙ্কন করে তিতাস, হবিগঞ্জ, বাখরাবাদ ও হরিপুর গ্যাসক্ষেত্র চিহ্নিত কর। ৩

ঘ. "খনিজ সম্পদগুলোর মধ্যে প্রাকৃতিক গ্যাস যথেষ্ট গুরুত্বপূর্ণ- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৪.▶** পুতুল গাজিপুর নানার বাসায় বেড়াতে গেল। ভোরবেলা নানার সাথে রাস্তায় হাটতে বের হল। সে দেখলো অনেক নারী হাতে একটা টিফিন

http://teachingbd.com

ক্যারিয়ার নিয়ে শিল্প কারখানার দিকে যাচ্ছে। নানার কাছে পুতুল নারীদের সম্পর্কে জানতে চাইল।

ক. শিল্প স্থাপনের প্রয়োজনীয় নিয়ামকগুলো কী কী? ১

খ. দ্রুত শিল্পায়নের ক্ষেত্রে রাজনৈতিক স্থিতিশীলতার প্রয়োজন কেন? ২

গ. উদ্দীপকে কোন শিল্পের কথা বলা হয়েছে? উক্ত শিল্পে অধিক নারী শ্রমিক নিয়োগের কারণ কি? ৩

ঘ. উদ্দীপকের উল্লেখিত শিল্পটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে কেমন ভূমিকা পালন করে? বিশ্লেষণ কর। ৪

৫. ▶



ক. বাংলাদেশে কয় ধরনের রেলপথ রয়েছে? ১

খ. পরিবহন ব্যবস্থা কিভাবে বেকার সমস্যা লাঘব করে? ২

গ. উদ্দীপকে উল্লেখিত অসম্পূর্ণ চিত্র সম্পূর্ণ অঙ্কন করে ২টি সমুদ্র বন্দরসহ ৩টি নদী বন্দর দেখাও। ৩

ঘ. বাংলাদেশের যাতায়াত ব্যবস্থার মধ্যে কোনটি সহজ ও সুলভ বলে তুমি মনে কর। এর স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬. ▶




ক. দূষণ বলতে কী বোঝ? ১

খ. বায়ুদূষণে মানুষ্যসৃষ্ট কারণ ব্যাখ্যা কর। ২

গ. মানচিত্রে ‘ক’ চিহ্নিত অঞ্চলে কী ধরনের সমস্যা দেখা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ‘ক’ অঞ্চলটি ভবিষ্যতে মানচিত্র থেকে হারিয়ে যাবে- উক্তিটির সপক্ষে তোমার যুক্তি উপস্থাপন কর। ৪

Teachingbd.com

## ভূগোল: দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট পূর্ণমান — ৩৫ বিষয় কোড : ১ ২ ৬

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বাংলাদেশের মোট সীমারেখা কত?
ক ৪৭১০ কি.মি. খ ৪৭১২ কি.মি.
গ ৪৭১৪ কি.মি. ঘ ৪৭১৬ কি.মি.

২. জাপানের ৭৩% ভূমি কৃষি কাজের অনুপযোগী কেন?
ক অনুর্বর হওয়ার কারণে
খ কম বৃষ্টিপাতের কারণে
গ পর্বতময় বলে ঘ তুষারপাতের কারণে

৩. সংস্কৃতি মানুষের কী ধরনের আচরণ?
ক অর্জিত আচরণ খ অনুধাবনমূলক আচরণ
গ জ্ঞানমূলক আচরণ ঘ অনুকরণীয় আচরণ

৪. কোনটি বিরল জন-অধ্যুষিত অঞ্চল?
ক কুমিল্লা খ টাঙ্গাইল
গ রাঙ্গামাটি ঘ দিনাজপুর

৫. জনসংখ্যার বয়স কাঠামো কিসের দ্বারা প্রভাবিত হয়?
ক অভিগমন খ শিক্ষা
গ বেকারত্ব ঘ দারিদ্র্য

৬. আন্তর্জাতিক অভিগমনের ক্ষেত্রে যুক্তিসংগত আকর্ষণজনিত কারণ কোনটি?
ক উচ্চতর শিক্ষা লাভ খ বৃত্তি ও চাকরির অভাব
গ যুদ্ধ বিগ্রহ ঘ দেশ বিভাগ

৭. আকৃতি অনুসারে বসতিকে কয় ভাগে ভাগ করা যায়?
ক পাঁচ ভাগে খ চার ভাগে
গ তিন ভাগে ঘ দুই ভাগে

৮. গ্রামীণ বসতিতে যে বৈশিষ্ট্যগুলো দেখা যায়—
i. কৃষিকাজের পর্যাপ্ততা
ii. জ্বালানি সংগ্রহের সুবিধা
iii. সহজ সরল যোগাযোগ ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. বসতি গড়ে ওঠার ক্ষেত্রে প্রাকৃতিক পরিবেশের উপাদান বিশ্লেষণ করলে যেটি পাওয়া যায়—
i. যোগাযোগ ব্যবস্থা
ii. জলবায়ু
iii. মৃত্তিকা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. বাংলাদেশে গমের আবাদ হয় কোন মাসে?
ক আগস্ট-সেপ্টেম্বর মাসে
খ সেপ্টেম্বর-অক্টোবর মাসে
গ অক্টোবর-নভেম্বর মাসে
ঘ নভেম্বর-ডিসেম্বর মাসে

১১. বাংলাদেশে উৎপাদিত পাটের মান কেমন?
ক খারাপ মানের
খ মোটামুটি মানের
গ ভালো মানের
ঘ সর্বশ্রেষ্ঠ মানের

১২. গ্রীষ্মকালের গড় তাপমাত্রা কীরূপ?
ক ২২° সেলসিয়াস খ ২৩° সেলসিয়াস
গ ২৪° সেলসিয়াস ঘ ২৮° সেলসিয়াস

১৩. অ্যানথ্রাসাইট কয়লা গ্রাফাইটে পরিণত হয় যেভাবে—
i. চাপে
ii. তাপে
iii. দীর্ঘ সময়ের ব্যবধানে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. খনিজ তেলকে তরল সোনা বলার যৌক্তিক ক্ষেত্র কী হতে পারে বলে তুমি মনে করো?
ক খনিজ তেলের অপরিহার্যতার জন্য
খ বিশ্বে খনিজ তেলের ব্যাপক চাহিদার জন্য
গ খনিজ সম্পদ (তেল) অনবায়নযোগ্য সম্পদ বলে
ঘ খনিজ তেলের ব্যবহার অধিক বলে

১৫. ভারতের অভ্র পৃথিবীতে সর্বোৎকৃষ্ট হওয়ার যৌক্তিকতা কী?
ক ব্যবহারের দিক থেকে
খ গুণগত মানের দিক থেকে
গ চাহিদার দিক থেকে
ঘ অধাতব খনিজ বলে

১৬. আকরিক লোহা উৎপাদনে অস্ট্রেলিয়ার যে স্থান প্রসিদ্ধ—
i. আয়রণ মোনার্ক
ii. পার্বত্য অঞ্চল
iii. আয়রণ নব
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

http://teachingbd.com

১৭. অধিক পাট উৎপাদনকারী জেলা হিসাবে কোনটি অধিক উপযোগী?
ক ময়মনসিংহ　খ সিলেট
গ মধুপুর　ঘ ফরিদপুর

১৮. ওজোন কী?
ক একটি দূষণের নাম
খ একটি গ্যাসের নাম
গ একটি বিষাক্ত গ্যাস
ঘ একটি খনিজ তেল

১৯. অপ্রশস্ত পর্বতসংকুল দেশ কোনটি?
ক চীন　খ ভারত
গ যুক্তরাষ্ট্র　ঘ জাপান

২০. পৃথিবীর উপরিভাগের বিভিন্ন ঘটনার কার্যকরণ করে কোন বিজ্ঞান?
ক পদার্থ বিজ্ঞান　খ রসায়ন বিজ্ঞান
গ ভূগোল　ঘ মৃত্তিকা বিজ্ঞান

২১. মানচিত্র প্রদর্শনের জন্য কোন জ্ঞান থাকা প্রয়োজন?
ক অর্থনৈতিক　খ ভৌগোলিক
গ রাজনৈতিক　ঘ সাংস্কৃতিক

২২. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান নিয়ামক কোনটি?
ক কৃষি সম্পদ　খ খনিজ সম্পদ
গ বনজ সম্পদ　ঘ শিল্প কারখানা

২৩. WTO কী?
ক বাণিজ্য সংগঠন　খ যোগাযোগ সংগঠন
গ সাংস্কৃতিক সংগঠন　ঘ টেলিযোগাযোগ সংগঠন

২৪. বৃষ্টিশূন্য স্থানে নিচের কোনটির পরিমাণ বেড়ে যাচ্ছে?
ক বন্যার　খ পাহাড় ধসের
গ খরার　ঘ ঘূর্ণিঝড়ের

২৫. বৈদেশিক বাণিজ্যভুক্ত দেশে বাংলাদেশের বাণিজ্যের ফলে?
i. আন্তর্জাতিক সৌহার্দ্য বৃদ্ধি পায়
ii. অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি পায়
iii. মোট উৎপাদন ও ভোগ বৃদ্ধি পায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৬. মানবীয় পরিবেশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন কোন দার্শনিক?
ক হেরোডোটাস　খ প্লেটো
গ সক্রেটিস　ঘ রুশো

২৭. বিশ্বে তৃতীয় অর্থনৈতিক শক্তিধর দেশ কোনটি?
ক চীন　খ ভারত
গ জাপান　ঘ রাশিয়া

২৮. পাড়া গঠিত হয় কীভাবে?
ক কয়েকজন মানুষ নিয়ে
খ কয়েকটি গ্রাম নিয়ে
গ কয়েকটি মহল্লা নিয়ে
ঘ কয়েকটি দেশ নিয়ে

২৯. ধান চাষের জন্য কিসের প্রয়োজন অধিক হয়?
ক বৃষ্টিপাতের　খ আর্দ্রতার
গ বায়ুপ্রবাহের　ঘ তাপমাত্রার

৩০. বাংলাদেশের মানুষের প্রধান জীবিকা কী?
ক কৃষি　খ ব্যবসায়
গ বাণিজ্য　ঘ শিল্প

৩১. সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যম হিসেবে বাংলাদেশের কোন অপ্রচলিত পণ্যটি যথার্থ?
ক তৈরি পোশাক　খ ক্যাপ
গ চামড়া　ঘ চা

৩২. মানব ভূগোল পাঠের বিষয়বস্তুকে কয়ভাগে ভাগ করা যায়?
ক ২ ভাগে　খ ৩ ভাগে
গ ৪ ভাগে　ঘ ৫ ভাগে

৩৩. সবচেয়ে বড় মহাদেশ কোনটি?
ক আফ্রিকা　খ এশিয়া
গ ইউরোপ　ঘ অস্ট্রেলিয়া

৩৪. বাংলাদেশে জনসংখ্যা বৃদ্ধি প্রভাবের ক্ষেত্রে যেটি গ্রহণযোগ্য—
i. বাসস্থানের ওপর
ii. খাদ্যশস্যের ওপর
iii. যাতায়াত ব্যবস্থার ওপর
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৫. বাংলাদেশ বহির্বিশ্বে চিনি রপ্তানি করতে পারে না কেন?
ক উৎপাদন কম হওয়ার জন্য
খ দেশের চাহিদা মেটানোর জন্য
গ সুষ্ঠু নীতিমালার অভাবের জন্য
ঘ নিম্নমানের জন্য

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ |
| ২১ | খ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | খ | ৩৪ | ঘ | ৩৫ | ক | | | | | | | | | | |

http://teachingbd.com